মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
এনএসসি টাওয়ার (১২তলা)
৬২/৩ পুরানা পল্টন
ঢাকা-১০০০।

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-০৫

তারিখ ঃ ২৬ কার্তিক ১৪১৭ বাংলা
১০ নভেম্বর ২০১০ ইংরেজী

সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**ক্ষুদ্রঋণের সুদের হার (সার্ভিস চার্জ) নির্ধারণ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে নীতিমালা প্রসঙ্গে।**

ক্ষুদ্রঋণের সুদের হার ও সংশ্লিষ্ট বিষয়ে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহের পরিপালনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত নীতিমালা জারি করছে ঃ

১। ঋণ প্রদানকালে ঋণগ্রহীতাদের নিকট থেকে ঋণের আবেদনপত্র, গ্রাহক ভর্তি ফি, পাসবই ইত্যাদি বাবদ সর্বোচ্চ ১৫/- (পনের) টাকার অতিরিক্ত আর কোন অর্থ আদায় করা যাবে না। ক্ষুদ্রঋণ যেহেতু জামানতবিহীন ঋণ, সে কারণে এক্ষেত্রে non-judicial stamp এ চুক্তি করার প্রয়োজনীয়তা লক্ষনীয় নয়, তবে শুধুমাত্র ক্ষুদ্র উদ্যোগ ঋণের ক্ষেত্রে ষ্ট্যাম্প অ্যাক্ট অনুযায়ী ৫০/= (পঞ্চাশ) টাকার non-judicial stamp এ অঙ্গীকারনামা নেয়া যেতে পারে।

২। ঋণ প্রদানের তারিখ হতে ঋণের প্রথম কিস্তি আদায়ের মধ্যে ন্যূনতম বিরতিকাল হবে ১৫ দিন। ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ ঋণগ্রহীতাদের ব্যবসা/কাজের ধরণ অনুযায়ী দীর্ঘতর বিরতিকাল স্থির করতে পারবে।

৩। সাধারণ ঋণের (১ বছরের জন্য প্রদত্ত ঋণ) ন্যূনতম কিস্তি সংখ্যা হবে ৫০ সপ্তাহ। কিস্তি প্রদানকালীন সময়ে কোন সরকারী ছুটি পড়লে সেক্ষেত্রে সংশ্লিষ্ট ঋণগ্রহীতা পরবর্তী কিস্তি প্রদানের দিনে একই সাথে পূর্বের বকেয়া কিস্তিসহ সকল প্রদেয় কিস্তি পরিশোধ করবেন।

৪। ঋণ প্রদানকালে ঋণের অর্থ হতে কোনরূপ বাধ্যতামূলক সঞ্চয়, বীমা বা অন্যরূপ অর্থ কর্তন/আদায় করা যাবে না।

৫। সাপ্তাহিকভিত্তিতে আদায়কৃত বাধ্যতামূলক সঞ্চয় এর উপর ন্যূনতম ৬% হারে সুদ প্রদান করতে হবে। প্রত্যেক প্রতিষ্ঠান আমানতের উপর প্রদেয় সুদের হার পূর্বেই ঘোষণা করবে এবং ঘোষিত হারের চেয়ে কম হারে সুদ প্রদান করবে না।

৬। সুদের হার ঋণগ্রহীতাদের ক্রমহ্রাসমান ঋণস্থিতির ভিত্তিতে (Declining Balance Method) হিসাব করতে হবে। এরূপভাবে হিসাবকৃত হার সকলের অবগতির জন্য ঘোষণা করতে হবে।

৭। প্রাথমিকভাবে ক্ষুদ্রঋণের সুদের সর্বোচ্চ হার ২৭% নির্ধারণ করা হলো, যা প্রতিষ্ঠানসমূহ দক্ষতা বৃদ্ধির মাধ্যমে ক্রমান্বয়ে কমিয়ে আনার বিষয়ে সচেষ্ট থাকবে।

৮। কর্তৃপক্ষ প্রতিষ্ঠানসমূহকে তাদের ক্ষুদ্রঋণের সুদের সর্বোচ্চ হার ও মোট তহবিল ব্যয় (Cost of Fund) এর উপর ভিত্তি করে নিম্নরূপ কয়েকটি ভাগে ভাগ করবে এবং তা সকলের অবগতির জন্যে প্রকাশ করবে :-

| প্রতিষ্ঠানের ধরণ | বিবেচ্য বিষয় |
|---|---|
| ক- টাইপ | আরোপিত সুদের হার তহবিল ব্যয় (Cost of Fund) অপেক্ষা সর্বোচ্চ ১০% বেশী। |
| খ- টাইপ | আরোপিত সুদের হার তহবিল ব্যয় অপেক্ষা ১০% এর উর্দ্ধে তবে সর্বোচ্চ ১৫%। |
| গ- টাইপ | আরোপিত সুদের হার তহবিল ব্যয় অপেক্ষা ১৫% এর বেশী। |

সুদের হার হ্রাসের উদ্দেশ্যে যে সকল প্রতিষ্ঠান দক্ষতার সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে সে সকল প্রতিষ্ঠানকে অথরিটি কর্তৃক বিভিন্ন প্রকার প্রনোদনা প্রদান করা হবে।

৯। প্রত্যেক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট বেতন স্কেল থাকবে, এবং তা কর্তৃপক্ষকে সরবরাহ করবে।

উপরোক্ত নির্দেশসমূহ এখন থেকে কার্যকর করা যেতে পারে; তবে এই সকল নির্দেশনা ৩০ শে জুন ২০১১ ইং এর মধ্যে সম্পূর্ণ বাস্তবায়ন করতে হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ সাজ্জাদ হোসেন)
পরিচালক
ফোন ঃ ৯৫৫৯৬১৬

অনুলিপি নং- এমআরএ/রেগু-০৫/২০১০-　　　　　　　　　　　　　　　　　　　　　　　তারিখ: ঐ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ-

১. সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. গভর্নর মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৩. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।

৪. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

৫. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক এন্ড কোম্পানীজ, ঢাকা।

৬. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।

আপনাদের বিশ্বস্ত,

১৮/১১/২০১০

(সুতপা চৌধুরী)
উপ-পরিচালক
ফোন ঃ ৯৫৫৯৬৭২